Total Pages—3 **PG/IIS/BNG-203/13**

২০১৩

**স্নাতকোত্তর**

**বাংলা**

পাঠপর্যায় — ২

একক ক্রম — বি.এন.জি–২০৩

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

**সমস্ত প্রশ্নের উত্তর দাও**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

১। রবীন্দ্রোত্তর কাব্য আন্দোলনের নান্দীমুখ নজরুল ইসলামের কবিতায় কতখানি সম্পন্ন হয়েছিল—সে বিষয়ে তোমার নিজস্ব মতামত দাও। ৮

( *Turn Over* )

*অথবা*

আধুনিক বাংলা কবিতার ইতিহাসে শঙ্খ ঘোষের কৃতিত্ব আলোচনা করো ।

২। 'মেঘনাদবধ কাব্য'–এ চতুর্থ সর্গের শিল্প সার্থকতা বিচার করো । ৮

*অথবা*

সাহিত্যিক মহাকাব্য হিসেবে 'মেঘনাদবধ কাব্য'–র গুরুত্ব বিচার করো ।

৩। 'বন্দীর বন্দনা' কাব্যগ্রন্থটির নাম কবিতায় এই কাব্যের মূল সুর কীভাবে ধরা পড়েছে বুঝিয়ে দাও । ৮

*অথবা*

বুদ্ধদেব বসুর প্রেম চেতনার স্বরূপ 'বন্দীর বন্দনা'র প্রধান তিনটি কবিতায় বিধৃত । — উক্ত কবিতাগুলির আলোকে মন্তব্যটির যাথার্থ বিশ্লেষণ করো ।

৪। বনলতা সেন কাব্যগ্রন্থে নায়িকা নারীর রূপ–কল্প নির্মাণের বৈশিষ্ট্য বুঝিয়ে দাও । ৮

*অথবা*

সুরিয়ালিস্ট শিল্পীর মতো 'বনলতা সেন'-এর কবি একটা অসুস্থ, অরক্ষিত, আক্রান্ত ও উপদ্রুত জীবনের ছবি অঙ্কন করেছেন । — প্রাসঙ্গিক কবিতাগুলির নিরিখে মন্তব্যটি বুঝিয়ে দাও ।

৫ । নিসর্গ প্রকৃতির সঙ্গে কবির একাত্মতা 'যেতে পারি কিন্তু কেন যাব' কাব্যের কবিতাগুলিতে কীভাবে রূপায়িত হয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো । ৮

*অথবা*

'শক্তির কবিতায় মৃত্যুবোধের মধ্যে ও জেগে থাকে প্রেমের এক অন্তঃপ্রবাহী স্রোত' — 'যেতে পারি কিন্তু কেন যাব' কাব্যের কবিতাগুলির নিরিখে মন্তব্যটির যাথার্থ নিরূপণ করো ।

---